# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 29 June, 2025

‘জুলাই গণঅভ্যুত্থান’-এর বর্ষপূর্তিতে সারা দেশে ‘দেশ গড়তে জুলাই পদযাত্রা’ কর্মসূচি পালন করছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। একইসঙ্গে আগামী ৩ আগস্ট রাজধানীর শহীদ মিনারে ‘ছাত্র-জনতা জুলাই ঘোষণাপত্র ও ইশতেহার পাঠ’ কর্মসূচি পালনের ঘোষণা দিয়েছে দলটি।

রোববার (২৯ জুন) সকালে রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই কর্মসূচির বিস্তারিত তুলে ধরেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম।

তিনি বলেন,

“১ জুলাই থেকে ৩০ জুলাই পর্যন্ত দেশের ৬৪টি জেলায় পদযাত্রা অনুষ্ঠিত হবে।এটি শহীদ আবু সাঈদের কবর জিয়ারতের মধ্য দিয়ে শুরু হয়েছে। ১৬ জুলাই পালন করা হবে ‘বৈষম্যবিরোধী শহীদ দিবস’।এদিন শহীদদের স্মরণে সারা দেশে দোয়া মাহফিলের আয়োজন করা হবে।”

এছাড়া ৩ আগস্ট দিনটিকে ‘ফ্যাসিবাদ-বিরোধী এক দফা দিবস’ হিসেবে অভিহিত করে নাহিদ ইসলাম বলেন,

“সরকার ৩০ কার্যদিবসের মধ্যে ‘জুলাই ঘোষণাপত্র’ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েও তা বাস্তবায়ন করেনি।তাই এবার ছাত্র-জনতা নিজেরাই সেই ঘোষণাপত্র ও ইশতেহার পাঠ করবে।”

তিনি জানান, ৫ আগস্ট পালিত হবে 'ছাত্র-জনতার মুক্তি দিবস'।এ উপলক্ষে কেন্দ্রীয় কর্মসূচি ঘোষণা করা হবে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, জুলাই পদযাত্রা বাস্তবায়ন কমিটি ইতিমধ্যে গঠিত হয়েছে।এর আহ্বায়কের দায়িত্বে আছেন এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম।

জুলাই গণঅভ্যুত্থান বৈষম্যবিরোধী শহীদ দিবস জাতীয় নাগরিক পার্টি নাহিদ ইসলাম সারজিস আলম

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 01:48

URL: https://www.timestodaybd.com/national/8174623899